

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটির কার্যবিবরণী:


- সভাপতি : মোঃ আব্দুল আলীম সরদার
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নলডাঙ্গা, নাটোর।
- তারিখ : ২২-৬-২০২২ খ্রি:
- সময় : সকাল ০৯.৩০ টা হতে সকাল ১০:৪৫ টা।
- স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের কক্ষ।

সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ নং	কমিটির নাম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত/বাস্তায়নকারী কর্তৃপক্ষ	বাস্তায়নকারী কর্তৃপক্ষ
০১	কৃষি ও সেচ কমিটির সভা	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি খরিপ- ১ মৌসুমে ইতিমধ্যে আউশ, ভুট্টা, পাটসহ সকল প্রকার শস্য কর্তণ শেষ পর্যায়ে রয়েছে। উক্ত ফসলসমূহের ফলন গত বছরের তুলনায় বেশি। তিনি আরও জানান, কৃষি সম্প্রসারণ বিভাগের আওতায় চলতি অর্থ বছরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। তিনি আরও জানান, বাজারে সার, বীজ ও কীটনাশকসহ সকল কৃষি উপকরণের প্রাপ্যতা নিয়ে কোন সমস্যা নেই। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে মাঠে বাস্তায়ন হচ্ছে।	সার, বীজ, জ্বালানী তেল ও বালাইনাশকসহ সকল ধরণের কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক রাখতে মনিটরিং অব্যাহত রাখতে হবে।	উপজেলা কৃষি কর্মকর্তা, নলডাঙ্গা, নাটোর।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ আব্দুল আলীম সরদার)
উপজেলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
কৃষি ও সেচ কমিটি
নলডাঙ্গা, নাটোর।